



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৯.১৫-১৮২

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২৭ বঃ  
২২ জুলাই ২০২০ খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-৫৪২৯/২০১৫ মামলায় গত ২৮.১১.১৭ তারিখে প্রদত্ত রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ (CPLA) দায়েরের বিষয়টি অবহিতকরণ।  
সূত্র: (১) DTE এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২০.পলি:ইস:৭.১৮৯৮ তারিখ: ০২.০৩.২০ খ্রি।  
(২) TMED এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৯.১৫-৬৩ তারিখ: ২৬.০১.২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্র (১) মূলে জানানো হয়েছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন “বিভাগীয় সদরে ৩টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (রাজশাহী, খুলনা ও চট্টগ্রাম) সমাপ্ত প্রকল্পের জনবল অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত করা হলে চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট এর চীফ ইন্সট্রাক্টর (নন-টেক) জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম গং (৯৯ জন) অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক জারিকৃত মেমো নং-০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৬.১১-৭৪, তারিখ: ১৯.০৪.১৫ এর আদেশে সংক্ষুব্ধ হয়ে প্রকল্পে যোগদানের তারিখ হতে চাকুরিকাল গণনাপূর্বক টাইমস্কেল ও সিলেকশন গ্রেড অন্তর্ভুক্তিকরণের বেতন নির্ধারণের নির্দেশনা প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৪২৯/২০১৫ দায়ের করা হয়।

০২। উক্ত মামলায় Respondent হিসেবে শিক্ষা মন্ত্রণালয় ১নং, জনপ্রশাসন মন্ত্রণালয় ২নং, অর্থ মন্ত্রণালয় ৩নং, হিসাব মহানিয়ন্ত্রক (সিএজি), ঢাকাসহ মোট ০৮ (আট) জনকে পক্ষভুক্ত করা হয়। উল্লেখ্য, উক্ত মামলায় মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে পক্ষভুক্ত করা হয় নাই।

০৩। অবিলম্বে শিক্ষা মন্ত্রণালয়ের ০৪.০৮.১৫ খ্রি. তারিখের ৪৩৬ সংখ্যক পত্রমূলে রিট পিটিশন নং-৫৪২৯/১৫ মামলায় ২৬.০৫.১৫ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে vacate করণসহ মূল মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য DTE কে অনুরোধ করা হলে উক্ত মামলায় গত ২৬.০৫.১৫ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে vacate করার ব্যবস্থা গ্রহণের জন্য DTE থেকে বিজ্ঞ ডেপুটি সলিসিটর (রিট) বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৪। রিট পিটিশন নং-৫৪২৯/১৫ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, DTE এর স্বাক্ষরিত ওকালতনামা ও অথরাইজেশন লেটার এবং দফাওয়ারী জবাব পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে বিজ্ঞ ডেপুটি সলিসিটর (রিট) বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৫। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২৮.১১.১৭ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:  
“Accordingly the Rule is made absolute. The Memo No. 07.00.0000.162.37.006.11.74 dated 19.04.2015 issued under the signature of respondent No. 8 (Annexure-D) refusing to count the service of the petitioners in the project for the purpose of fixation of pay and other associated service benefit is hereby declared to have been made without lawful authority and are of no legal effect.

The respondents are directed to count the service of the petitioners in the project for determination of their salary and other benefits including time scale and selection grade from the date of their joining in the development project.

০৬। TMED কর্তৃক উক্ত রায়ের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CPLA) দায়েরের জন্য সূত্র (২) মূলে DTE কে অনুরোধ করা হলে DTE কর্তৃক বিজ্ঞ সলিসিটর ও অধিদপ্তরের বিজ্ঞ আইনজীবী বরাবর পত্র প্রেরণ করা হয়। রিট পিটিশন নং-৫৪২৯/১৫ মামলায় গত ২৮.১১.১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CPLA) দায়েরকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য DTE কর্তৃক প্রেরণ করা হয়েছে। কিন্তু সিপিএলএ দাখিল হওয়ার কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি।

০৭। উল্লেখ্য, রিট পিটিশন নং-৫৪২৯/১৫ মামলায় গত ২৮.১১.১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আজোবধি সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CPLA) দায়ের হয়েছে কিনা, সে বিষয়ে তথ্য জানা আবশ্যিক; কারণ নির্দিষ্ট সময়ের (৬০ দিন) মধ্যে সিপিএলএ দাখিল না হলে তা তামাদির কারণে খারিজ হতে বাধ্য।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৪২৯/১৫ মামলায় গত ২৮.১১.১৭ তারিখের রায়ের বিরুদ্ধে রায় স্থগিতসহ আপীল দায়েরের বিষয়টি নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CPLA) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি আগামী ১৮.০৮.২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: শ্বালেক মিঞা) ২২/৭/২০  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।